



# ঢাকা কমার্স কলেজ

স্থাপিত - ১৯৮৯ খ্রিষ্টাব্দ

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত) College Code: 1375 (DB), 6438 (NU), EIIN: 108207

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: 48033903, 48036942, 48037357

E-mail: cdhakacommercecollege@yahoo.com, Website: www.dcc.edu.bd, Facebook: Dhaka Commerce College

স্মারক নং : ঢাকক-

তারিখ: ০৩/০৩/২০২৬

## বিজ্ঞপ্তি

একাদশ শ্রেণির (শিক্ষাবর্ষ: ২০২৫-২৬) শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ২য় পর্বের মিডটার্ম পরীক্ষা ২০২৬ আগামী ১২/০৪/২০২৬ তারিখ থেকে অনুষ্ঠিত হবে। ১ম ও ২য় পত্র মিলে পূর্ণমান ৩০ এবং সময় ১ (এক) ঘণ্টা। প্রতি বিষয়ের MCQ এবং CQ পরীক্ষায় পৃথকভাবে উত্তীর্ণ হতে হবে। সকল শিক্ষার্থীর পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। ০৭/০৪/২০২৬ থেকে ০৯/০৪/২০২৬ তারিখ পর্যন্ত নিজ নিজ শ্রেণিকক্ষে তাদের প্রবেশপত্র বিতরণ করা হবে।

পরীক্ষার হলে ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত বিষয়সমূহ মেনে চলতে হবে :

- প্রবেশপত্র ও পরিচয়পত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না;
- পরীক্ষার হলে বিন্দুমাত্র অসদুপায় অবলম্বনের কোনো প্রমাণ পাওয়া গেলেই বহিষ্কার করা হবে;
- পরীক্ষার দিন প্রবেশপত্র ছাড়া অন্য কোনো কাগজপত্র, বই, ব্যাগ, মোবাইল, প্রোখামিং ক্যালকুলেটর, স্মার্ট ঘড়ি, ইলেক্ট্রনিক ডিভাইস ইত্যাদি নিয়ে কলেজের ক্যাম্পাসে প্রবেশ করা যাবে না;
- পরীক্ষা শুরু কমপক্ষে ১৫ মিনিট পূর্বে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে;
- পরীক্ষার হলে কলম, পেনসিল, ইরেজার, স্কেল, ক্যালকুলেটর ইত্যাদি পরস্পর বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ;
- পরীক্ষার্থীকে অবশ্যই উত্তরপত্রের প্রতি পৃষ্ঠায় ১৬ থেকে ১৮ লাইন এবং প্রতি লাইনে কমপক্ষে ৫ থেকে ৬টি শব্দ লিখতে হবে;
- উত্তরপত্রের কভার পেজের পেছনের পৃষ্ঠায় লেখা শুরু করা যাবে না;
- পরীক্ষার্থীকে পূর্ণ সময় হলে অবস্থান করতে হবে;
- পরীক্ষার্থীকে অবশ্যই কলেজ ইউনিফর্ম পরিধান করে পরীক্ষার হলে আসতে হবে;
- উত্তরপত্রের বাম পাশে ও ওপরে পেনসিল দিয়ে ১ ইঞ্চি মার্জিন দিতে হবে;
- চিত্র ব্যতীত অন্য কোথাও পেনসিল দিয়ে লেখা যাবে না; এবং
- প্রবেশপত্র হারিয়ে গেলে, বাসায় রেখে আসলে বা অন্য কোনো কারণে আনতে না পারলে, পরীক্ষার দিন হিসাব শাখায় ১০০/- (একশত টাকা) টাকা জমা দিয়ে পরীক্ষা নিয়ন্ত্রণ শাখা থেকে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

## পরীক্ষার সময়সূচি

পরীক্ষার তারিখ ও বার	পরীক্ষার বিষয় ও পত্র	বিষয় কোড	সময়
১২/০৪/২০২৬ (রবিবার)	বাংলা (আবশ্যিক) ১ম ও ২য় পত্র	১০১ ও ১০২	১০:০০-১১:০০টা
	ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম ও ২য় পত্র	২৭৭ ও ২৭৮	১১:০০-১২:০০টা
	পদার্থবিজ্ঞান ১ম ও ২য় পত্র	১৭৪ ও ১৭৫	১১:০০-১২:০০টা
১৩/০৪/২০২৬ (সোমবার)	ইংরেজি (আবশ্যিক) ১ম ও ২য় পত্র	১০৭ ও ১০৮	১০:০০-১১:০০টা
	হিসাববিজ্ঞান ১ম ও ২য় পত্র	২৫৩ ও ২৫৪	১১:০০-১২:০০টা
	রসায়ন ১ম ও ২য় পত্র	১৭৬ ও ১৭৭	১১:০০-১২:০০টা
১৫/০৪/২০২৬ (বুধবার)	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আবশ্যিক)	২৭৫	১০:০০-১১:০০টা
১৬/০৪/২০২৬ (বৃহস্পতিবার)	উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম ও ২য় পত্র	২৮৬ ও ২৮৭	১০:০০-১২:০০টা
	ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ১ম ও ২য় পত্র	২৯২ ও ২৯৩	
	অর্থনীতি ১ম ও ২য় পত্র	১০৯ ও ১১০	
	পরিসংখ্যান ১ম ও ২য় পত্র	১২৯ ও ১৩০	
	জীববিজ্ঞান ১ম ও ২য় পত্র	১৭৮ ও ১৭৯	
	উচ্চতর গণিত ১ম ও ২য় পত্র	২৬৫ ও ২৬৬	

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

আহ্বায়ক (পরীক্ষা কমিটি)

উপাধ্যক্ষ, প্রশাসন

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ক্রম	বিতরণ	স্বাক্ষর	ক্রমিক	বিতরণ	স্বাক্ষর
১	অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) মহোদয়ের অফিস		৩	একাদশ শ্রেণির সকল শ্রেণিকক্ষ	
২	উপাধ্যক্ষ, প্রশাসন মহোদয়ের অফিস		৪	প্রয়োজনীয় সকল বিভাগ, শিক্ষার্থী উপদেষ্টাগণ ও শাখা	